দৈনিক সংবাদ

তারিখ 06 FEB 1990
পৃষ্ঠা ৪ কলাম ৩

16

ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের পক্ষে যুক্তি

সরকার ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়ায় স্থানান্তরের যে সিদ্ধান্ত সম্প্রতি গ্রহণ করেছেন তা সত্যিই প্রশংসনীয়, সরকারের এই সিদ্ধান্ত সমগ্র দেশবাসীর জন্য নিম্নবর্ণিত কল্যাণ বয়ে আনবে।

১। ঢাকাতে দু'টি বৃহদায়তন বিশ্ববিদ্যালয় (ঢা: বি: ও প্রকৌ: বি:)সহ অনেক বিশ্ববিদ্যালয় কলেজ এবং উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। উচ্চ শিক্ষাকে কেবলমাত্র ঢাকা কেন্দ্রিক না করে বিকেন্দ্রীকরণ করা প্রয়োজন ছিল এবং বর্তমান সরকার বৃহত্তর জনকল্যাণের কথা বিবেচনা করেই এ সিদ্ধান্ত নিয়েছেন।

২। ঢাকা শহরের লোক সংখ্যা বর্তমানে এমনিতেই বেশী, এরপর আবার যদি মড়ার উপর খাড়ার ঘার মত একটি আন্তর্জাতিক মানের পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ের ভার ঢাকার ওপর চাপানো হয় তবে ঢাকাবাসীর দুর্ভোগ আরো বাড়বে বই কমবে না। বাড়বে সড়ক দুর্ঘটনা বাড়বে যানজট ইত্যাদি।

৩। গত ১৯-০১-৯০ তারিখে একই কলামে রেজাউল করিমের বক্তব্যের প্রেক্ষিতে জানাচ্ছি যে, ঢাকার আবহাওয়ার সাথে কুষ্টিয়ার আবহাওয়ার মৌলিক কোন পার্থক্য নেই। আর কোন বিদেশীর সাধারণভাবে কুষ্টিয়ার আবহাওয়াতে কোন অসুবিধা হবার কথা নয়। ঢাকাতে যে মানুষ বাস করে কুষ্টিয়াতেও সেই মানুষ বাস করে।

বিশ্ব এস্তেমার সাথে একটা বিশ্ববিদ্যালয় স্থাপনের কি সম্পর্ক তা তিনি (রেজাউল করিম) বিশদভাবে তুলে ধরেননি, তবে বিশ্ব এস্তেমার সাথে একটা বিশ্ববিদ্যালয়ের তুলনা নিতান্তই হাস্যকর।

উনি যে বিমানবন্দরের কথা বলেছেন, যশোরে বিমানবন্দর আধুনিকীকরণের মাধ্যমে সেই সুবিধা পাওয়া সম্ভব।

মো: সহিদুল ইসলাম,
নিরিবিলি আবাসিক এলাকা
পুরাতন কসবা, যশোর।